দৈনিক বাংলা

027

তারিখ ... 26/11/77 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... ৪ ...

উপদেষ্টা পরিষদের সিদ্ধান্ত

# মাদ্রাসার সাপ্তাহিক ছুটি শুক্রবার

প্রেসিডেন্ট জিয়াউর রহমানের সভাপতিত্বে শুক্রবার সকালে বঙ্গ ভবনে প্রেসিডেন্টের উপদেষ্টা পরিষদের এক বৈঠক অনুষ্ঠিত হয়।

বৈঠকে সারাদেশে মাদ্রাসাগুলোর সাপ্তাহিক ছুটি এখন থেকে রোববারের পরিবর্তে শুক্রবার পালিত হবে বলে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ১৯৭২ সালের এক সরকারী আদেশ বলে মাদ্রাসাগুলোর সাপ্তাহিক ছুটি এতদিন রোববার পালিত হতো।

বাসসের খবরে প্রকাশ, উপদেষ্টা পরিষদ শেরে বাংলা এ কে ফজলুল হক ও হোসেন শহীদ সোহরাওয়ার্দীর মাজারে নির্মিতব্য স্মৃতিসৌধের জন্য একটি স্থাপত্য নকশা অনুমোদন করেন। খাজা নাজিমউদ্দীনের মাজারও এর অন্তর্ভুক্ত রয়েছে। স্মৃতিসৌধের নির্মাণকাজ আগামী দুমাসের মধ্যে শুরু হবে।